

সারল্যের জয়গান

দীপঙ্কর হোম

মৃগাল সেন-এর আমার ভুবন ছবি নিয়ে লিখবার জন্যে বিশ্ব রায়-এর কাছ থেকে যখন প্রস্তাব আসে, স্বভাবত কারণেই একটা কুণ্ঠাবোধ ছিল, আমি গবেষক মানুষ, বিজ্ঞানের সঙ্গে আমার সম্পর্ক ; দেশি বা বিদেশি ছবি দেখি বটে কিন্তু তা একেবারে দর্শকের আসন থেকে। ছবি নিয়ে লিখতে চলচ্চিত্র বিষয়ে যে গভীর জ্ঞান থাকা দরকার তা আমার একেবারে নেই বললেই চলে। তবু, আমায় একটু ভাবতেই হল। কেননা, আমি মনে করি, বিজ্ঞানের সঙ্গে যেমন সমাজের সম্পর্ক নিবিড় চলচ্চিত্রের সঙ্গেও তাই। চলচ্চিত্র আধুনিক বিজ্ঞান প্রযুক্তির বড়ো অবদান এবং সাহিত্যকলার মতো বিজ্ঞানও সংস্কৃতির অঙ্গ। এসব যুক্তি নিয়ে আমি যখন একটু দ্বন্দ্বে আছি বিশ্ব রায়-এর প্রস্তাবে রাজি হব কিনা, সেই মুহূর্তে বেলফাস্ট থেকে আমার এক পদার্থবিদ বন্ধুর ই-মেল পেলাম। তাতে তিনি সাম্প্রতিক বিশ্ব পরিস্থিতির পরিপ্রেক্ষিতে দ্বিতীয় মহাযুদ্ধের সময় আইনস্টাইন-এর চিঠিতে ব্যবহৃত একটি উল্লেখ করেছেন : 'Civilization is becoming hideously fragile, there's not much between us and the horrors underneath, just about a coat of varnish.'

রবীন্দ্রনাথও ওই একই সময়েই সভ্যতার সংকট উপলব্ধি করেছিলেন।

আজকের পরিস্থিতি আরও জটিল ও গভীর। অষ্টাদশ শতাব্দীর শেষের দিকে নেপোলিয়ন মিশর জয় করেছিলেন শাসক অভিজাত সম্প্রদায়ভুক্ত মামলুকদের পরাজিত করে। আমার বেলফাস্টের বন্ধু তাঁর ই-মেল এ আরও উল্লেখ করেছেন যে, ওই সময় নেপোলিয়ন প্রত্নতাত্ত্বিক-ঐতিহাসিকদের সঙ্গে করে এনেছিলেন মিশরের ঐতিহ্য রক্ষা করার কথা চিন্তা করে। কিন্তু আজ আমেরিকা যখন ইরাক আক্রমণ করছে, তখন সেই দেশের ঐতিহ্য রক্ষা করা তো দূরের কথা বরং মার্কিন সৈন্য বাগদাদ শহরে ঢোকার পরও মেসোপটেমিয়ার ঐতিহ্যবাহী সভ্যতার বহু মূল্যবান নিদর্শন ধ্বংস ও লুট হয়েছে। অথচ আমেরিকা আজকের বিশ্ব-প্রগতির প্রতীক হিসাবে পরিগণিত! এসব দেখে শুনে মনে হয় সভ্যতার যেসব উন্নতি হয়েছে সেগুলো কি অর্থহীন হয়ে যাবে? প্রাথমিক মূল্যবোধ ও অনুভূতিগুলিই যেখানে দ্রুত ক্ষয় হয়ে যাচ্ছে।

এই সংকটের মধ্যে দাঁড়িয়ে কোনও আইডিয়োলজির কচকচানি তাই কাজে আসে না। ফিরে যেতে হয় মানব আত্মার শেকড়ের সন্ধানে। এইসব ভাবনার পরিপ্রেক্ষিতে তখন মনে হল আমার ভুবন জাতীয় ছবি সম্পর্কে কিছু কথা বলা খুবই জরুরি।

মৃগাল সেন-এর যে কটি ছবি দেখেছি তাতে বরাবরই সমকালীন সময় প্রতিফলিত হয়েছে নানা আঙ্গিকে। এই ছবিতে তিনি ফিরে গেছেন সনাতনী মূল্যবোধে ; একেবারে